JAN. 03 2001

তারিখ ...

পৃষ্ঠা ... কোং ...

# জাতীয় শিক্ষা সপ্তাহের খুলনা বিভাগীয় কার্যক্রম শুরু হবে ১০ জানুয়ারি

জাতীয় শিক্ষা সপ্তাহ-২০০১-এর খুলনা বিভাগীয় পর্যায়ের অনুষ্ঠানমালা আগামী ১০ জানুয়ারি সকাল ১০টায় বয়রায় খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে আনুষ্ঠানিক উদ্বোধনের মাধ্যমে শুরু হবে। জাতীয় শিক্ষা সপ্তাহ-২০০১-এর ক গ্রুপে ৬ষ্ঠ থেকে ৮ম, খ গ্রুপে ৯ম থেকে ১০ম এবং গ গ্রুপে একাদশ থেকে তদুর্ধ্ব কলেজ পর্যায়ের শিক্ষার্থীরা সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

এ প্রতিযোগিতার বিষয়গুলো হচ্ছে কেরাত, হামদ/নাত, বাংলা রচনা প্রতিযোগিতা, স্বনির্বাচিত বাংলা কবিতা আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, সুন্দর হাতের লেখা, দেশাত্মবোধক গান, নজরুল সংগীত, রবীন্দ্র সংগীত, লোক সংগীত, উচ্চাংগ সংগীত, তাৎক্ষণিক অভিনয়, উচ্চাংগনৃত্য এবং লোকনৃত্য। প্রতিযোগিতায় বিজয়ী ছাত্র-ছাত্রীদের মাঝে ঐদিন বিকেল ৩টায় একই স্থানে পুরস্কার ও সনদপত্র বিতরণ করা হবে।

১১ জানুয়ারি, ২০০১ বিকাল ৩টায় একই স্থানে শিক্ষা সম্মেলন অনুষ্ঠিত হবে। এ বছর জাতীয় শিক্ষা সপ্তাহের মূলমন্ত্র হচ্ছে : "মানব কল্যাণে শিক্ষা"। এছাড়া জাতীয় শিক্ষা সপ্তাহে শ্রেষ্ঠ শিক্ষা/শিক্ষিকা, শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেণী শিক্ষক এবং শ্রেষ্ঠ স্কাউটস, গার্লস গাইডস, স্কাউট গ্রুপ, গার্লস গাইডস গ্রুপ, স্কাউট শিক্ষক ও গার্লস গাইডস শিক্ষক নির্বাচন করা হবে।

প্রতিযোগিতায় অংশ গ্রহণেচ্ছু ছাত্রছাত্রীদের বয়রাস্থ খুলনা সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা এবং ছাত্রদের বয়রা ডাক বিভাগীয় মাধ্যমিক বিদ্যালয়, বয়রা, খুলনা থাকার ব্যবস্থা করা হয়েছে। প্রতিযোগীদেরকে থাকার প্রয়োজনীয় বিছানা ও তৈজস সঙ্গে আনতে হবে। তথ্য বিবরণী।